



## জাতীয় মানবাধিকার কমিশন

(২০০৯ সালের জাতীয় মানবাধিকার কমিশন আইন দ্বারা প্রতিষ্ঠিত একটি সংবিধিবদ্ধ স্বাধীন রাষ্ট্রীয় প্রতিষ্ঠান)

বিটিএমসি ভবন (৯ম তলা), ৭-৯ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫

ইমেইলঃ [info@nhrc.org.bd](mailto:info@nhrc.org.bd); হেল্পলাইনঃ ১৬১০৮

স্মারকঃ এনএইচআরসিবি/প্রেস বিজ্ঞ-২৩৯/১৩-১৫৪

তারিখঃ ১৫ই মার্চ ২০২৩

### সংবাদ বিজ্ঞপ্তিঃ

পারস্পরিক সহযোগিতা বৃদ্ধির লক্ষ্যে কাতারের মানবাধিকার কমিটি এবং জাতীয় মানবাধিকার কমিশন, বাংলাদেশ- এর সাথে সমঝোতা স্মারক স্বাক্ষর করা হবে

আজ সুইজারল্যান্ডের জেনেভায় অবস্থিত জাতিসংঘ কার্যালয়ে জাতীয় মানবাধিকার সংস্থাসমূহের আন্তর্জাতিক ফোরাম Global Alliance on National Human Rights Institutions (GANHRI) এর বার্ষিক সাধারণ সভায় যোগদান করেন জাতীয় মানবাধিকার কমিশনের চেয়ারম্যান ড. কামাল উদ্দিন আহমেদ এবং সার্বক্ষণিক সদস্য মোঃ সেলিম রেজা। এসময় GANHRI চেয়ারপারসন এবং কাতারের জাতীয় মানবাধিকার কমিশনের চেয়ারপারসন মিজ মারিয়ম আল আতিয়াহ- এর সাথে মানবাধিকার সুরক্ষা ও উন্নয়নে দ্বিপাক্ষিক সহযোগিতার বিষয়ে আলোচনা করেন জাতীয় মানবাধিকার কমিশনের চেয়ারম্যান এবং সার্বক্ষণিক সদস্য।

আলোচনাকালে GANHRI চেয়ারপারসন আগামী মে মাসে বাংলাদেশে আসার এবং পারস্পরিক সহযোগিতা বৃদ্ধির লক্ষ্যে জাতীয় মানবাধিকার কমিশন, বাংলাদেশ ও জাতীয় মানবাধিকার কমিশন, কাতার এর মধ্যে একটি সমঝোতা স্মারক স্বাক্ষর করার বিষয়ে একমত পোষন করেন। উল্লেখ্য যে, প্রতি বছর এই সাধারণ সভা অনুষ্ঠিত হয়। সেখানে বিশ্বের বিভিন্ন দেশের জাতীয় মানবাধিকার সংস্থাসমূহের কার্যক্রম নিয়ে আলোচনা হয়। এবছরের বার্ষিক সভায় জাতিসংঘের মানবাধিকারের সার্বজনীন ঘোষণাপত্রের ৭৫ তম বর্ষপূর্তি এবং প্যারিস নীতিমালার ৩০ বছর পূর্তিতে মানবাধিকার সংরক্ষণে জাতীয় মানবাধিকার সংস্থাসমূহকে আরও কার্যকর করার বিষয়ে গুরুত্ব দেয়া হয়।

ধন্যবাদান্তে,

স্বাক্ষরিত/-

ফারহানা সাঈদ

উপপরিচালক

জাতীয় মানবাধিকার কমিশন, বাংলাদেশ